Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৫শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৭ই আশ্বিন বুধবার ১৩৬৫ ইংরাজী 24th Sept. 1958 { ১৯শ সংখ্যা
২রা আশ্বিন ১৮৮০ শকাব্দ



সকল ঘরের তরে...

# দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Sen

মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

দূরের মানুষ কাছে হয়

ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৭ই আশ্বিন বুধবার সন ১৩৬৫ সাল।

## জাত গেল—পেট ভরলো না

—০—

অপ্রাপ্ত বয়স্ক, অপরিপক্ক বুদ্ধি, ছেলেমানুষকে পশ্চিমবঙ্গ সরকার আইন মন্ত্রীর আসনে বসিয়ে কি ভুলই করেছিলেন, ভবানীপুর কেন্দ্র হতে শ্রীমান্ সিদ্ধার্থশঙ্কর রায়কে কংগ্রেস পক্ষ হতে বিধান সভার সদস্য নির্ব্বাচন করিয়ে তাঁহাকে এই দায়িত্বপূর্ণ পদটি দিয়ে যতদূর নাজেহাল হ'তে হয়, তা হয়েছেন।

খাদ্য বিভাগের দুর্নীতি নিয়ে শ্রীরায় ৮১ পৃষ্ঠার এক বর্ণনা দিয়ে বিধান সভার মধ্যে তা উচ্চৈস্বরে পাঠ ক'রে আইন মন্ত্রিত্ব ছেড়ে দিলেন, বেশতো মন্ত্রিত্ব ছাড়া হলো, তারপর কংগ্রেসের সদস্যপদও ইস্তফা ক'রে সেই শূন্য সদস্য পদে নির্ব্বাচিত হবার জন্য উপনির্ব্বাচনে প্রার্থী হলেন। খাদ্য বিভাগের বিরুদ্ধে যে অভিযোগ ছিল তাঁর কত ধানাই পানাই করে তার তদন্ত করার জন্য সৎ কংগ্রেসী দিয়ে এক তদন্ত কমিটি গঠন করা হলো। তদন্ত কার্য্যেও পূর্ণ গোস্বামী মতে পরাহে নয়, পর মাসে নয়, যত-দিন ঠেলে চালান যায় তা চালিয়ে রিপোর্ট দাখিল হলো। বিধান সভায় রিপোর্ট প্রকাশ করার জন্য বিরোধী পক্ষ জুলুম করতে লাগলেন। মুখ্য মন্ত্রী ডাক্তার রায় সাফ জবাব—এ রিপোর্ট সাধারণের জন্য নয়, খোদ সরকারের জন্য। অপ্রকাশের কারণ রিপোর্ট বাঁচিয়ে বাঁচিয়ে লিখেও দোষত্রুটির পাইকারী আমদানী তাতে ছিল। ভবানীপুরের নির্ব্বাচন কালে যদি এই রিপোর্ট বাহির হয় তবে একে তো কাণা কন্যা তার উপর নানারোগ বাহির হইলেই সব মাটি। এই সরকারের শাসনে সব খুসী যা তা নারায়ণ জানেন। সিদ্ধার্থশঙ্কর ১০০০০ হাজার ভোটে কংগ্রেসী প্রার্থীকে পরাজিত করলেন। লোকে মনে করলো নির্ব্বাচন হয়ে গেল এইবার রিপোর্ট বের করবে।

অনেকদিন পর মুখ্য মন্ত্রী দিল্লী হ'তে বোধ হয় কোন নির্দ্দেশ পেয়ে রিপোর্ট প্রকাশ করেছেন। তবুও বলেছেন এ রিপোর্ট সাধারণের জন্য নয় তবুও বাহির করিলেন। এই রিপোর্টে খাদ্যমন্ত্রীর এবং খাদ্য বিভাগের দোষ ত্রুটির অভাব নাই। তবুও মুখ্য মন্ত্রী বলেছেন এর জন্য কোন এক ব্যক্তি দোষী নহেন। দিল্লীর কেন্দ্রীয় খাদ্যমন্ত্রীকে নিরপরাধ করার জন্য প্রধান মন্ত্রী শ্রীজহরলাল নেহেরু যেমন নিজের ঘাড়েও বিভাগীয় দোষ ত্রুটির বোঝার অংশ গ্রহণ করিয়াছেন।

কতলোক খাদ্যাভাবে পঞ্চত্ব প্রাপ্ত হইল, কত-লোকে আত্মহত্যা করিল তাহার সীমা সংখ্যা নাই। পশ্চিমবঙ্গ সরকার তাহার জন্য দুঃখিত বলিয়া স্বীকার করিয়া সহৃদয়তার পরিচয় দিয়া প্রদেশবাসী-গণকে ধন্য করিয়াছেন। আর শ্রীমান্ সিদ্ধার্থশঙ্কর তাঁহার অভিযোগের সত্যতা রিপোর্টে লক্ষ্য করিয়া বয়োবৃদ্ধগণের তাঁহার "বৃদ্ধত্বং জরসা বিনা" দেখাইতে পারিয়া ধন্য হইয়াছেন।

---

## দাবাখেলার মন্ত্রী ও ভারতের মন্ত্রী জহরলাল

দাবা যারা খেলেন, তাঁরা জানেন কোন্ ঘুঁটি চালার কোন্ নিয়ম। মন্ত্রী ( কাঠের বা হাড়ের ) ১ ঘর সামনা সামনি, ১ ঘর কোণাকোণি যেতে পারে। আর সামনা সামনি বা কোণাকোণি ফাঁক পেলে যতদূর ফাঁক পায়, চল্‌তে পারে।

আমাদের সাধারণতন্ত্রী ভারতের প্রধান মন্ত্রী ব্যারিষ্টার জহরলাল জানেন না ভারতীয় সংবিধানে প্রধান মন্ত্রী কোন স্থান অন্য কোনও রাজ্যকে দিতে বা অন্য রাজ্যের সহিত বদল করিতে পারেন না। নুন-জহর চুক্তিতে ঢুকে গিয়ে যখন শুন্‌লেন তাঁর এ ক্ষমতা সংবিধানে নাই। তখন বলেছেন—আইন মন্ত্রীকে জিজ্ঞাসা করতে হবে। হায় জহরলাল!

নির্ব্বাণে দীপে কিমু তৈল দানং  
চৌরে গতে বা কিমু সাবধানং  
বয়োগতে কিং বণিতা-বিলাসঃ  
পয়োগতে কিং খলু সেতুবন্ধঃ।

---

## রেশন বিক্রেতাদের ব্যবহার

জঙ্গিপুর মহকুমার বিভিন্ন ইউনিয়নে ও মিউনিসিপ্যালিটীতে অনেকগুলি রেশন দোকান হইয়াছে। অনেক রেশন বিক্রেতা ওজনে কম ও ক্রেতাদের সঙ্গে খারাপ ব্যবহার করিতেছেন বলিয়া খবর পাওয়া গিয়াছে। কর্ত্তা হবার ইচ্ছা সকলেরই হয়—কাজেই রেশনের কৃপায় এই সব বিক্রেতাগণ গরীব জনগণের প্রতি কটু কাটব্য ভাষা প্রয়োগ করিয়া বীরত্ব দেখাইতেছেন। একেই বলে কারও পৌষ মাস, কারও সর্ব্বনাশ।

---

## ধানের ক্ষতি

জঙ্গিপুর মহকুমার প্রায় গ্রামেই বৃষ্টির অভাবে ধানের জমির জল শুকাইয়া গিয়াছে। মাটিতে ফাট ধরিয়াছে। শীঘ্র বৃষ্টি না হইলে ধানগাছ মরিয়া যাইবে। কৃষকগণ ভীষণ দুর্ভাবনায় পড়িয়াছে।

---

## বিশ্বকর্ম্মা পূজা

এবার জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জ সহরে অনেক প্রতিষ্ঠানে শ্রীশ্রীবিশ্বকর্ম্মা দেবের পূজানুষ্ঠান অনুষ্ঠিত হইয়াছে। রঘুনাথগঞ্জের ইলেকট্রিক বিভাগের কর্ম্মিগণের উদ্যোগে গত ৪ঠা আশ্বিন রবিবার সন্ধ্যায় কাশীনাথ টকি হাউসে এক বিচিত্রানুষ্ঠানের আয়োজন হইয়াছিল। স্থানীয় মহকুমা শাসক মহোদয় উক্ত অনুষ্ঠান উদ্বোধন করেন। উক্ত অনুষ্ঠানে স্থানীয় ভদ্র মহোদয়গণ, মহিলাগণ ও বালক-বালিকাগণ সমবেত হইয়াছিলেন।

---

## ভুতপূর্ব্ব রাজনৈতিক কর্ম্মীদের সরকারী সাহায্য

লোকসভায় স্বরাষ্ট্র মন্ত্রী শ্রীগোবিন্দ বল্লভ পন্থ জানান যে, ১৯৫৭ সনে ও বর্ত্তমান বৎসরের আগষ্ট মাস পর্য্যন্ত দিল্লী রাজ্যের ১২৭ জন নির্য্যাতিত রাজনৈতিক কর্ম্মীকে সরকারী সাহায্য প্রদান করা হইবে বলিয়া স্থির করা হয়। তিনি আরও জানান যে, ঐ সময়ে সাহায্যের জন্য নির্য্যাতিত রাজনৈতিক

কর্ম্মীদের নিকট হইতে ৪৫০টি আবেদনপত্র পাওয়া গিয়াছিল। উহাদের মধ্যে ৫৩৩টি নামঞ্জুর করা হইয়াছে ও ১৯০টি এখনও বিবেচনাধীন রহিয়াছে।

—প্রেঃ, ইঃ, ব্যুঃ

## প্রাপ্ত পত্র

( মতামতের জন্য সম্পাদক দায়ী নহেন )

আগামী ডিসেম্বর মাসের ১৬ তারিখে রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত ৫নং মিঠিপুর ইউনিয়নের নির্ব্বাচন পর্ব্ব অনুষ্ঠিত হইতেছে। উক্ত নির্ব্বাচনের জন্য যে ভোটার তালিকা প্রস্তুত করা হইয়াছে তাহাতে প্রেসিডেন্ট মহাশয়ের স্বেচ্ছাকৃত যে সমস্ত ভুল ত্রুটি রহিয়াছে তাহা নির্ব্বাচন বিভাগের উর্দ্ধতন-কর্ম্মচারী ও জনসাধারণের অবগতির জন্য নিম্নে বর্ণিত হইতেছে।

(১) নমিনেশন্ পেপার দাখিল করার শেষদিন পর্য্যন্ত ভোটার তালিকা কোন প্রকাশ্য স্থানে ঝুলান কিংবা অশিক্ষিত জনসাধারণের অবগতির জন্য কোন প্রকার ঢোল সহরত হয় নাই।

(২) সরকার বাহাদুরের নির্দ্দেশ অনুযায়ী যে সমস্ত প্রাপ্ত বয়স্ক শিক্ষিত ব্যক্তি ( কমপক্ষে এম, ই, পাশ ) ভোটদানের অধিকার পায় এমন কি সদস্যপদ প্রার্থী হইবার যোগ্যতা রাখে তাহাদের কতক এই তালিকায় বাদ পড়িয়াছে। পক্ষান্তরে, যাহারা অনুরূপ যোগ্যতাবিহীন অথচ প্রেসিডেন্ট এর দলভুক্ত তাহাদের নাম তালিকা ভুক্ত করা হইয়াছে।

(৩) বড়ই আশ্চর্য্যের বিষয় এই যে সার্কেল অফিসারের সহি ও শীলযুক্ত ফাইনাল ভোটার তালিকার সহিত ইউনিয়ন বোর্ড অফিস হইতে প্রাপ্ত ভোটার তালিকার কোন সাদৃশ্য নাই। ভোটার নম্বরে ও তাহাদের নামের বানানে নানারকম ত্রুটী রাখিয়া দিয়াছে।

প্রেসিডেন্ট মহাশয়ের এই সমস্ত দুর্নীতিমুলক কার্য্যকলাপের দ্বারা ইহাই প্রমাণিত হয় না কি যে তিনি তাঁহার দলবলসহ এই নির্ব্বাচন দ্বন্দ্বে জয়লাভ করিতে ইচ্ছা করেন? ইতি—

শ্রী..............

সাং মিঠিপুর

## সরকারী বিজ্ঞপ্তি

(১) লালবাগ—আখেরীগঞ্জ রুটে বাস সার্ভিস পরিচালনার স্থায়ী পারমিটের জন্য আবেদনকারীদের একটি তালিকা যথাসম্ভব বিস্তারিত বিবরণ সহ মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকারের নোটিশ বোর্ডে এবং এই জেলার দূরবর্তী উপ-বিভাগীয় অফিসগুলির নোটিশ বোর্ডে টাঙ্গাইয়া দেওয়া হইয়াছে। এ সম্পর্কে কাহারও কোন বক্তব্য থাকিলে তাহা এই বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী কর্ত্তৃক গৃহীত হইবে। (২) পাবলিক ক্যারিয়ার পারমিটের জন্য আবেদনকারী এবং পাবলিক ক্যারিয়ার ও কনট্রাক্ট ক্যারেজ পারমিটের পুনর্নবীকরণের জন্য আবেদনকারী ব্যক্তিদের একটি তালিকা এই জেলার দূরবর্তী উপ-বিভাগীয় অফিসগুলির নোটিশ বোর্ডে টাঙ্গাইয়া দেওয়া হইয়াছে। এ সম্পর্কে কাহারও কোন বক্তব্য থাকিলে তাহা এই বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী কর্ত্তৃক গৃহীত হইবে। (স্বাঃ) এম, এন, পাল, সচিব, আঞ্চলিক পরিবহন প্রাধিকার মুর্শিদাবাদ।

## সরকারী বিজ্ঞপ্তি

"বহরমপুর পটিকাবাড়ী ভায়া বেলডাঙ্গা ও আমতলা" এবং "বহরমপুর আমতলা ভায়া বেলডাঙ্গা" এই দুইটি বাসরুটকে বাড়াইয়া রাধানগরঘাট পর্য্যন্ত বাস চালু করা স্থির হইয়াছে। এই বাড়ান বাস রুটটি এখন হইতে "বহরমপুর রাধানগরঘাট ভায়া বেলডাঙ্গা, আমতলা ও পটিকাবাড়ী" এই নামে পরিচিত থাকিবে। এই রুটের জন্য চারিটি স্থায়ী যাত্রীবাহী গাড়ীর জন্য পারমিট দেওয়া হইবে। গোয়ালজানঘাট—পাঁচগ্রাম রুটটি কিঞ্চিৎ পরিবর্ত্তিত করিয়া ভায়া খাগড়াঘাট ষ্টেশন নওদাপাড়া, পালসন্দা এবং নবগ্রাম করিবার স্থির হইয়াছে এবং এই পরিবর্ত্তিত রুটটি এখন হইতে "গোয়ালজানঘাট—পাঁচগ্রাম ভায়া খাগড়াঘাট ষ্টেশন নওদাপাড়া এবং নবগ্রাম" এই নামে পরিচিত থাকিবে। এই রুটের জন্য কেবলমাত্র একটি স্থায়ী পারমিট দেওয়া হইবে। বহরমপুর হইতে স্বরূপপুর বাসরুটটিকে পিরোজপুর ঘাট পর্য্যন্ত বাড়ানো হইবে। এই বাড়ান রুটটি এখন হইতে 'বহরমপুর পিরোজপুরঘাট ভায়া দৌলতাবাদ তারত্তিপুর ভগীরথপুর এবং স্বরূপপুর" এই নামে পরিচিত হইবে। দুইটি স্থায়ী পারমিট এই রুটের জন্য দেওয়া হইবে। "বহরমপুর কুশাবোরিয়াঘাট ভায়া দোমকল" এই রুটের জন্য একটি স্থায়ী যাত্রীবাহী গাড়ীর পারমিট দেওয়া হইবে। "পাঁচগ্রাম—লালবাগ ভায়া নবগ্রাম" এই রুটের জন্য একটি স্থায়ী যাত্রীবাহী গাড়ীর পারমিট দেওয়া হইবে। বহরমপুর বামনাবাদ ভায়া লালবাগ গোয়াস এবং সুপারিগোলা এই রুটের জন্য একটি স্থায়ী যাত্রীবাহী গাড়ীর পারমিট দেওয়া হইবে। "রাধারঘাট জয়পুর ভায়া গাঁধলাঘাট এবং সেরপুর" এই রুটের জন্যও একটি অতিরিক্ত স্থায়ী যাত্রীবাহী গাড়ীর জন্য পারমিট দেওয়া হইবে। উল্লিখিত রুটগুলিতে যাত্রীবাহী গাড়ীর স্থায়ী পারমিটের জন্য নির্দ্ধারিত ফর্মে ( এই অফিসে পাওয়া যাইবে ) দরখাস্ত করিতে হইবে। নিম্ন স্বাক্ষরকারীর নিকট দরখাস্ত দাখিলের শেষ তারিখ ৮ই অক্টোবর ১৯৫৮। পাবলিক ক্যারিয়ার পারমিট গ্রান্টের জন্য দরখাস্ত করিয়াছেন ও পাবলিক ক্যারিয়ার ষ্টেজ ক্যারেজ ও কণ্ট্রাক্ট ক্যারেজের পারমিট নবীকরণ করিবার জন্য দরখাস্ত করিয়াছেন এইরূপ ব্যক্তিদের নামের এক তালিকা আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষ মুর্শিদাবাদ ও এই জেলার মহকুমাগুলির অনুরূপ অফিসের নোটিশ বোর্ডে টানানো হইয়াছে। এই নোটিশ দিবার ৩০ দিনের মধ্যে এ সংক্রান্ত বিষয়ে কোন বক্তব্য থাকিলে নিম্নে স্বাক্ষরকারীর নিকট দাখিল করা যাইবে। স্বাক্ষর—এম-এন-পাল, সেক্রেটারি, আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষ, মুর্শিদাবাদ।

## জমি বিক্রয়

থানা সুতীর অন্তর্গত রাতুরী মৌজায় (ডাঁই গ্রামে) আনুমানিক ২৫৷৷০ সাড়ে পঁচিশ বিঘা উৎকৃষ্ট ধানী জমি বিক্রয় হইবে। গ্রাহকগণ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন। ১৩৬৫, ১৩ই ভাদ্র

শ্রীজগন্নাথ ত্রিবেদী, জেমো নূতনবাটী

পোঃ কান্দি, জেলা মুর্শিদাবাদ।




## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্ট ইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের

যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি

ও

ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের

যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়:—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সুতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১।৷৹ টাকা ও মাশুলাদি ১৵৹ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট:—ডাঃ ডি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত